



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ৯৮/২২

তারিখ: ৩০ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “হিবুত তাহরীর” এর ০১ (এক) সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে ১২ এপ্রিল ২০২২ খ্রি. তারিখ ১৪.১০ ঘটিকার সময় বিশেষ অভিযান পরিচালনা করে ফরিদপুর জেলার মধুখালী থানাধীন আড়পাড়া উচ্চ বিদ্যালয় মাঠ থেকে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “হিবুত তাহরীর” এর ০১ (এক) সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত সদস্যের নাম- মো: ইয়ামিন খান (৩৩), পিতা- আতাহার খান, মাতা- মৃত আলিয়া সুলতানা, স্থায়ী ঠিকানা- গ্রাম- ২ নং হাবিলী গোপালপুর, থানা- কোতয়ালী, জেলা- ফরিদপুর। গ্রেফতারকালে তার নিকট থেকে উগ্রবাদী কার্যক্রমে ব্যবহৃত ০১ টি এন্ড্রয়েড মোবাইল ফোন, ০২ টি সীম কার্ড এবং ০৩ টি হিবুত তাহরীর এর প্রেস বিজ্ঞপ্তি (১. “অবৈধ ইহুদি রাষ্ট্রের সাথে বাংলাদেশের সামরিক বাহিনীকে যৌথ নৌ-মহড়ায় প্রেরণ করে হাসিনা সরকার ইসলাম ও মুসলিম উম্মাহ’র সাথে চরম বিশ্বাসঘাতকতার নজির স্থাপন করেছে” ২. হে দেশবাসী, হিবুত তাহরীর/উলাইয়া বাংলাদেশ আপনাদেরকে আমন্ত্রণ জানাচ্ছে ৩. “জাতি হিসাবে আমরা কি আদৌ স্বাধীন?”-শীর্ষক আসন্ন অনলাইন সম্মেলনের এই আলোচনায় আপনারা সম্পৃক্ত হোন”) জব্দ করা হয়েছে।

গ্রেফতারকৃত মো: ইয়ামিন খান সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর থেকে ইংরেজিতে অনার্স-মাস্টার্স শেষ করেছে এবং সে ২০০৯ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত হিবুত তাহরীর এর কার্যক্রমের সাথে সম্পৃক্ত। গত ১৮/০৩/২০২২ তারিখে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে “হিবুত তাহরীর এর মিডিয়া কার্যালয় উলাইয়া বাংলাদেশ” এর যে সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল সেই সম্মেলনের লাইভ সে তার ফেসবুক আইডি থেকে শেয়ার করেছিল এবং সংগঠনের গোপন গ্রুপের সকল সদস্যকে লাইভটি শেয়ার করার জন্য উদ্বুদ্ধ করেছিল। সে বিভিন্ন সময় তার ফেসবুক আইডি থেকে উগ্রবাদী মতাদর্শ, রাষ্ট্র বিরোধী বিভিন্ন পোস্ট লাইক, শেয়ার ও কमेंটস করে উগ্রবাদী কার্যক্রমে উৎসাহ প্রদান এবং প্রস্তুতি গ্রহণ করছিল। ধৃত আসামী ও তার অন্যান্য সহযোগীগণ রাষ্ট্র বিরোধী ষড়যন্ত্র, অনলাইন ভিত্তিক প্রচার-প্রচারণা, গণতান্ত্রিক ব্যবস্থার বিরুদ্ধে তাদের খিলাফত প্রতিষ্ঠার উদ্দেশ্যে সংহতি, জন-নিরাপত্তা বিপন্ন করা, জনমনে আতঙ্ক সৃষ্টির লক্ষ্যে সাংগঠনিকভাবে কার্যক্রম পরিচালনার করে আসছিল।

গ্রেফতারকৃত মো: ইয়ামিন খান নিষিদ্ধ ঘোষিত সংগঠনের সদস্য, সমর্থন, অপরাধ সংঘটনের ষড়যন্ত্র এবং সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করায় “সন্ত্রাস বিরোধী আইন ২০০৯(সংশোধনী/২০১৩) এর ৮/৯(৩)/১০/১৩ ধারা মোতাবেক পরবর্তী আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন।

১৩/০৪/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd